

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৭.১৮৫

তারিখঃ ২০ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী পদে নিয়োগ সংক্রান্ত অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষা কেন্দ্রে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং ১জে-৮/২০২০-২১৬০ জে, তারিখ : ০৪/০৩/২০২০ খ্রিঃ, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে আগামী ০৭/০৩/২০২০ খ্রিঃ তারিখ শনিবার সকাল ১০ঃ০০ ঘটিকায় সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮, বেইলী রোড, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিতব্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী পদে নিয়োগ সংক্রান্ত লিখিত পরীক্ষায় কেন্দ্রের নিরাপত্তা ও সামগ্রিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি রক্ষণাবেক্ষণের জন্য উল্লিখিত কেন্দ্রে সংক্ষিপ্ত বিচার পদ্ধতি অনুসারে বিচার কার্য পরিচালনার জন্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে জনাব মোঃ মনিরুজ্জামান সিকদার, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঢাকা-কে নিয়োগ প্রদানসহ তাঁকে The Code of Criminal Procedure, 1898 এ বর্ণিত সংক্ষিপ্ত বিচারের ক্ষমতা অর্পণ করা হলো।

SM
০৪/০৩/২০২০
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।
ফোন : ৯৫৪৫৪৩১

নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৭.১৮৫/১(৮)

তারিখঃ ২০ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঢাকা।
- ০৩। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। জনাব মোঃ মনিরুজ্জামান সিকদার, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঢাকা।
- ০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। গার্ড ফাইল।
- ০৮। অফিস কপি।

SM
০৪/০৩/২০২০
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।
ফোন : ৯৫৪৫৪৩১